

একটা জিনিস দেখলাম যে আমাদের দেশে মূল ধারার ট্রাভেলারদের থেকে টুরিস্ট বেশি । কেননা ট্রাভেলার আর টুরিস্ট দুটো ভিন্ন জিনিস । যেটা আপনাকে বুঝতে হবে । ট্রাভেলাররা মূল ধারার থেকে অনেক রোমাঞ্চপ্রিয় হন , সেখানে টুরিস্টরা আরাম খোঁজেন বেড়াতে গিয়ে । আর সবাই যেদিকে যায় আমিও সেদিকে যাবো এটা থেকে বের হয়ে আসতে পারলে খুব ভালো হতো । যেমন ধরুন আপনি যদি ডিসেম্বর মাসে বলেন সাজেক যাবো সাজেক যাবো , ওই সময় এ গিয়ে আপনার কোন লাভ হবে না । আমি নিচে মোটামুটি একটা ধারণা দিচ্ছি বাংলাদেশ এর কোন কোন জায়গায় কোন সময় এ গেলে আপনার ভ্রমণটা পারফেক্ট হবে ।

উত্তর বঙ্গ - নভেম্বর থেকে ফেব্রুয়ারি

সুন্দরবন - নভেম্বর থেকে ফেব্রুয়ারি

বান্দরবন - অনেকেই জুলাই আগস্ট এ যান , কিন্তু আমার হিসেবে আবহাওয়া এর কারণে নভেম্বর এ যাওয়া সবচেয়ে উত্তম । কারন তাপমাত্রা সহনীয় থাকে , আর ঝর্না গুলোতে তখনও পানির ভালোই স্রোত থাকে , সাথে আকাশে মেঘ পাবেন । কিন্তু সেটা একেবারে শীতকালে ডিসেম্বর - জানুয়ারি তে গেলে ফ্যাকাসে পাহাড় পাবেন । আবার বর্ষাকালে গেলে পাহাড় এ একটা সতেজ ভাব থাকে , কিন্তু ট্রেকিং করাটা কষ্টসাধ্য হয় ।

রাঙ্গামাটি - কাণ্ডাই লেক এ বর্ষাকালে গিয়ে ঘুরে এসে দেখুন, উদ্ভূত সুন্দর লাগবে

সাজেক - জুলাই থেকে নভেম্বর । কারন মেঘের খেলা এই সময়ই ভালো দেখা যায় ।

সেন্টমার্টিন - নভেম্বর থেকে মার্চ

টেকনাফ - কক্সবাজার - সবাই শীতকালে দৌড় মারেন , কিন্তু একবার বর্ষাকালে অর্থাৎ জুলাই-আগস্ট এ ঘুরে আসুন , দেখবেন অনেক ভালো লাগবে । আর আমার হিসেবে টেকনাফ বিচ বাংলাদেশ এর অন্যতম সুন্দর বিচ ।

নিঝুম দ্বীপ - মনপুরা - নভেম্বর থেকে মার্চ

কুয়াকাটা - আগস্ট থেকে অক্টোবর

সন্দ্বীপ - নভেম্বর থেকে ফেব্রুয়ারি

সিলেট - জুলাই থেকে আগস্ট (বর্ষার সিলেট খোদার অপূর্ব সৃষ্টি মনে হয়)

সুনামগঞ্জ ও অন্য হাওর এলাকা - জুলাই থেকে আগস্ট এক রকম সুন্দর , ডিসেম্বর থেকে ফেব্রুয়ারি আরেক রকম সুন্দর (অতিথি পাখিদের জন্যে)

শ্রীমঙ্গল - জুলাই থেকে ফেব্রুয়ারি যেই সময় এ যাবেন না কেন ভালো লাগবে ।

নেত্রকোনা (বিরিশিরি)- আগস্ট থেকে নভেম্বর

এছাড়া বাংলাদেশ এর পশ্চিমাঞ্চল অর্থাৎ - ফরিদপুর , কুষ্টিয়া , মেহেরপুর , নড়াইল - যশোর , ঝিনাইদাহ , চুয়াডাঙ্গা এসব অঞ্চলে গেলে শরতকালে অর্থাৎ আগস্ট থেকে শুরু করে শীতকাল পর্যন্ত যেতে পারেন । কিন্তু শরৎকাল উত্তম ।

আর ঢাকার আশে পাশে ভ্রমণ এর জন্য আমার কাছে শরৎকাল আর হেমন্তকাল উত্তম মনে হয় ।

সময় বুঝে ভ্রমণ করলে আপনার ভ্রমণ আরো মানাইসই হবে এটা আপনি এসব সময়ে গেলেই বুঝতে পারবেন ।

ধন্যবাদ ।